

নীচের অনুচ্ছেদ টি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও- এক
প্রচন্ড শীতের রাতে এক অসহায় পশু ভিক্ষুক কাঁপতে
কাঁপতে আশ্রয়ের জন্য এক কৃষকের দরজায়
করাঘাত করল। কৃষকটি তখন তার ছেলেমেয়েদের
নিয়ে উনুনের পাশে বসে উত্তাপ উপভোগ করছিল।
ভিখারিটি খাদ্য ও আতিথ্যের জন্য প্রার্থনা
জানাচ্ছিল। তাঁর পা কাঁপছিল। কনকনে ঠান্ডায় আর
তার পথ চলার শক্তি ছিল না, তার শতচ্ছিন্ন পোশাক
প্রবল তুষারপাতের ঠান্ডা থেকে তার শরীরকে গরম
রাখতে পারছিল না। কৃষক দরজা খুলে দিল আর
ছেলেমেয়েরা তাকে আরামে রাখতে সচেষ্ট হলো।
তারা তার ঠান্ডা হাত-পা গরম করল, খাদ্য দিল এবং
তাকে আনন্দ দিতে যথাসাধ্য চেষ্টা করতে লাগল।
কৃতজ্ঞতায় ভিখারির চোখ দিয়ে জল গড়াতে লাগল।
তার দুঃখে দুঃখ বোধ করে কৃষকের ছেলেমেয়েরা
সেদিন এক অনির্বচনীয় আনন্দের স্বাদ পেল-এমন
আনন্দ তারা জীবনে আর কোনোদিন উপভোগ
করেনি।

বোধ পরীক্ষণ: নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

- ১। কোন সময়ে, কে কৃষকের দরজায় করা ঘাত করেছিল?
- ২। কৃষকের সাথে আর কে কে ছিল এবং তারা কী করছিল?
- ৩। কৃষক দরজা খুলে কাকে আশ্রয় দিয়েছিল?
- ৪। কৃষকের ছেলেমেয়েরা সেদিন কি অনুভব করেছিল?
- ৫। বিপরীত শব্দ লেখো- ঠান্ডা।